

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
[আইন-১ অধিশাখা]
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.১০৫.২০১৭/২৩৩

তারিখ ১৯ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
১ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয় : গাজীপুর জেলায় অবস্থিত গার্মেন্টস ফ্যাক্টরির উপর কর নির্ধারণ সংক্রান্ত আদেশকে চ্যালেঞ্জ করে রীট সংক্রান্ত।


সূত্র: সহকারী রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ হতে ১১.১.২০১৮ তারিখে প্রাপ্ত কপির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলায় অবস্থিত গার্মেন্টস ফ্যাক্টরির উপর কর নির্ধারণ সংক্রান্ত আদেশকে চ্যালেঞ্জ করে জনাব মোঃ আসাদুল্লাহ, কোম্পানী সচিব, ইন্টারন্যাশনাল নীটওয়ার এবং এ্যাপারেলস্ লিঃ, বাড়ী নং-১৭, রোড নং-২, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা কর্তৃক রীট পিটিশন নং-১২৫০৩/২০১৬ দায়ের করেন। উক্ত রীট পিটিশনে হাইকোর্ট বিভাগ শুনানী অন্তে ৫ ডিসেম্বর ২০১৭ তারিখে নিম্নরূপ আদেশ প্রদান করেনঃ

" Pending hearing of the Rule, respondents are directed to renew the trade licences of the petitioners for the years 2014-15, 2015-16, 2016-17 and 2017-18 and the petitioner shall pay the fees in the existing rate as per Rule 44(6B) of the Municipal Taxation Rules, 1986."

২। এমতাবস্থায়, বিজ্ঞ আদালতের নির্দেশনা বাস্তবায়নসহ সরকারের পক্ষে মামলা প্রতিদ্বন্দিতার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ উক্ত রীটের দফাওয়ারী জবাব প্রেরণের জন্য আদেশের কপি নির্দেশক্রমে প্রত্যেকের প্রেরণ করা হল।

সংযুক্ত : ----- ফর্দ।


(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব (আইন)
৯৫৪০৯৯৫
E mail: dslaw1.lgd.gov@gmail.com

প্রধান নির্বাহী কর্মকর্তা
গাজীপুর সিটি কর্পোরেশন
গাজীপুর।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

- ১। যুগ্মসচিব (নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। উপসচিব (সিটি কর্পোরেশন-১), স্থানীয় সরকার বিভাগ।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
- ৫। অফিস কপি/মাষ্টার কপি।